রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১০, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৬ কার্তিক ১৪০৯/১০ নভেম্বর ২০০২

**এস আর ও নং ৩০৪ আইন/২০০২**—দ্রুত বিচার ট্রাইব্যুনাল অধ্যাদেশ, ২০০২ (অধ্যাদেশ নং-১, ২০০২) এর ধারা ৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ছয় (৬)টি বিভাগীয় সদরে ছয় (৬) টি দ্রুত বিচার ট্রাইব্যুনাল স্থাপন করিল এবং উক্ত ট্রাইব্যুনালসমূহের বিচারের এখতিয়ারভুক্ত এলাকা নিম্নরূপ নির্ধারণ করিল, যথা ঃ—

| ক্রমিক নং | ট্রাইব্যুনালের নাম | এখতিয়ারভুক্ত এলাকা |
|---|---|---|
| (১) | দ্রুত বিচার ট্রাইব্যুনাল, ঢাকা | ঢাকা প্রশাসনিক বিভাগের এখতিয়ারাধীন সকল জেলাসমূহ। |
| (২) | দ্রুত বিচার ট্রাইব্যুনাল, চট্টগ্রাম | চট্টগ্রাম প্রশাসনিক বিভাগের এখতিয়ারাধীন সকল জেলাসমূহ। |
| (৩) | দ্রুত বিচার ট্রাইব্যুনাল, রাজশাহী | রাজশাহী প্রশাসনিক বিভাগের এখতিয়ারাধীন সকল জেলাসমূহ। |
| (৪) | দ্রুত বিচার ট্রাইব্যুনাল, খুলনা | খুলনা প্রশাসনিক বিভাগের এখতিয়ারাধীন সকল জেলাসমূহ। |
| (৫) | দ্রুত বিচার ট্রাইব্যুনাল, সিলেট | সিলেট প্রশাসনিক বিভাগের এখতিয়ারাধীন সকল জেলাসমূহ। |
| (৬) | দ্রুত বিচার ট্রাইব্যুনাল, বরিশাল | বরিশাল প্রশাসনিক বিভাগের এখতিয়ারাধীন সকল জেলাসমূহ। |



মূল্য ঃ টাকা ১.০০

২। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপরোল্লিখিত দ্রুত বিচার ট্রাইব্যুনালসমূহ স্ব স্ব বিভাগীয় সদরে উহাদের কার্যক্রম পরিচালনা করিবে।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আসাদুজ্জামান
যুগ্ম-সচিব (প্রশাসন)।

আবদুল মালেক, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।